



370380 - কাগুজে মুদ্রার নসিব ক রিপার উপর কয়িস করা হব; নাকি স্বর্ণরে উপর?

প্রশ্ন

আমি উজবেকিস্তান থেকে বলছি। আমাদের দেশে ‘মুসলিম বোর্ড অফ উজবেকিস্তান’ ঘোষণা করেছে যে যাকাতের নসিব হলো ২৭০০ ডলার। কিন্তু বর্তমানে ৮৫ গ্রাম খাঁটি স্বর্ণরে দাম প্রায় ৫১০০ ডলার। এখন এই বিষয়ে আমার কী উজবেকিস্তানের মুসলিম বোর্ডকে অনুসরণ করা উচিত? আমি কীভাবে যাকাত হিসাব করব? আমি কী খাঁটি স্বর্ণরে ভিত্তিতে যাকাত হিসাব করব; নাকি উজবেকিস্তান মুসলিম বোর্ডের ফতোয়া অনুযায়ী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

কাগুজে মুদ্রার নসিব নির্ধারণ:

কাগুজে মুদ্রার নসিব নির্ধারণের ক্ষেত্রে সঠিক অভিমত হলো— এটি স্বর্ণরে পরিবর্তে রূপার ভিত্তিতে হিসাব করা হবে। কারণ এতে দরদিরদরে স্বার্থ বেশী রক্ষিত হয়।

রূপার নসিব হলো ৫৯৫ গ্রাম। সুতরাং কারো কাছে যদি এই পরিমাণ রূপার সমমূল্যের মুদ্রা থাকে, তবে তার ওপর যাকাত ওয়াজবি হবে।

পূর্ববর্তী ফকহিগণ (ইসলামী আইনবিদ) ব্যবসায়িক পণ্যের ক্ষেত্রেও একই সিদ্ধান্ত দিয়েছেন যে, দরদিরদরে জন্য যা বেশী উপকারী হবে তা-ই বিবেচনা করা হবে।

'আল-রাওদ আল-মুরব্বি' (পৃষ্ঠা ২১১) গ্রন্থে বলা হয়েছে:

"বছর পূর্ণ হওয়ার পর ব্যবসার পণ্যকে স্বর্ণ বা রূপার মধ্যে যেটির মাধ্যমে দরদিরদর বেশী উপকৃত হয় সেটির মাধ্যমে মূল্যায়ন করা হবে। যদি পণ্যের মূল্য যে কোনো একটির (স্বর্ণ বা রূপা) নসিবে পৌঁছে; কিন্তু অন্যটির নসিবে পৌঁছে না তবে যেটির নসিবে পৌঁছে সেটিই বিবেচনা করা হবে।"

রাবতো আল-আলম আল-ইসলামীর অধীনস্থ 'মাজমাউল-ফকিহ আল-ইসলামী' (ইসলামী ফকিহ একাডেমি), সৌদি আরবে 'স্থায়ী ফতোয়া কমিটি' (আল-লাজনাহ আদ-দায়িমাহ), শাইখ ইবনে বায (রহঃ) এবং আরও অনেকে সিদ্ধান্ত হলো— স্বর্ণ



বা রুপার মধ্যে যেটির নসিব সর্বনমিন কাগুজে মুদ্রার ক্ষতের স্টেই নসিব হিসাবে গণ্য হবে; যাতে দরদিরদরে কল্যাণ নিশ্চিত হয়।

‘মাজমাউল-ফকিহ আল-ইসলামী’র সদিধান্তে বলা হয়েছে:

"কাগুজে মুদ্রার মূল্য যখন স্বর্ণ বা রুপার মধ্যে যেটির নসিব সর্বনমিন স্টেই সমপরিমাণ হবে কিংবা স্বর্ণ বা রুপার সাথে মিলে কিংবা ব্যবসায়িক পণ্যের সাথে মিলে নসিবকে পূর্ণ করবে তখন যাকাত প্রদান করা ওয়াজবি হবে।"[সদিধান্ত নং- ৬, পৃষ্ঠা-১০১]

স্টেই স্থায়ী কমটির ফতোয়া সমগ্র (৯/২৫৭) এসছে:

প্রশ্ন: আমরা ডলারের নসিব কত তা জানতে চাই?

উত্তর: ডলার বা অন্যান্য কাগুজে মুদ্রার নসিব হলো: যাকাত ওয়াজবি হওয়ার সময় তা ২০ মসিকাল স্বর্ণ অথবা ১৪০ মসিকাল (৫৯৫ গ্রাম) রুপার সমমূল্যের হওয়া। স্বর্ণ ও রুপার মূল্যের পার্থক্যের কারণে সময় ও দেশভেদে দরদিরদরে জন্য যেটি বেশি উপকারী (অর্থাৎ যেটির নসিব কম) স্টেই মাধ্যমেই হিসাব করতে হবে।

আল্লাহই তাওফিকের মালিক। আমাদের নবী মুহাম্মদ ও তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষতি হোক।

আব্দুল্লাহ বনি কুয়ূদ, আব্দুল্লাহ বনি গাদইয়ান, আব্দুর রাজ্জাক আফীফী, আব্দুল আযযি বনি আব্দুল্লাহ বনি বায।

দখেনু: শাইখ ইবনে বায (রহ.) এর ‘মাজমু ফাতাওয়া’ (১৪/১২৫)।

পূর্বোক্ত আলোচনার ভিত্তিতে দেখুন বর্তমান বাজারে ৫৯৫ গ্রাম রুপার মূল্য কত? যদি আপনার নগদ অর্থ সেই পরিমাণ হয় তবে আপনাকে ২.৫% (শতকরা আড়াই) হারে যাকাত প্রদান করতে হবে।

আল্লাহই সর্বজ্ঞ।